

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫০২৪  
আগরতলা, ১ মার্চ, ২০২৪

**৪২তম আগরতলা বইমেলা**

**‘শিশু সাহিত্য ও মনের বিকাশ’ শীর্ষক আলোচনাচক্র**

৪২তম আগরতলা বইমেলায় আলোচনাচক্র মঞ্চে আজ ‘শিশু সাহিত্য ও মনের বিকাশ’ শীর্ষক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে অংশ নেন বিশিষ্ট লেখক জ্যোতির্ময় দাস, বিশিষ্ট চিত্রশিল্পী ও গল্পকার অলক দাসগুপ্ত ও সাহিত্যিক গোপা চ্যাটার্জি। তাছাড়াও বইমেলায় কুইজ প্রতিযোগিতায় মহারাজা বীরবিক্রম মহাবিদ্যালয়, আগরতলা মহিলা মহাবিদ্যালয়, শচীন দেববর্মন স্মৃতি সরকারি সংগীত মহাবিদ্যালয় ও রামঠাকুর মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ নেয়। কুইজ পরিচালনা করেন অভিজিৎ ভট্টাচার্য।

\*\*\*\*\*